



দুর্নীতিকে না বলুন, নৈতিকতা
মেনে চলুন।

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
কর্পোরেট প্ল্যানিং অ্যান্ড ডিজাইন শাখা
টেলিফোন: ০২৫৮৮৮৩১৪৪২, তথ্য বাতায়ন: pgcl.gov.bd

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার।

স্মারক নম্বর: ২৮.১৮.০০০০.০০০.০৪৭.৩৫.০০০১.২১.২২

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: “Construction of 6" dia x 1.5 km x 350 psig high pressure gas Pipeline at Rajshahi BSCIC Industrial Area-2” শীর্ষক কাজে নির্মিত পাইপলাইন নেটওয়ার্কে যুক্ত করনে হুক আপ/টাই-ইন কাজে গ্যাস সরবরাহ সাময়িক বন্ধ রাখা প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিজিসিএল-এর রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন রাজশাহীস্থ খড়খড়ি টিবিএস হতে রাজশাহী বিসিক শিল্পনগরী-২ পর্যন্ত গ্যাস সরবরাহের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৩৫০ পিএসআইজি চাপ বিশিষ্ট ৬ ইঞ্চি ব্যাসের ১.৫ কিলোমিটার গ্যাস পাইপলাইনের নির্মাণ কাজ সম্পাদন করা হয়েছে।

বর্ণিত পাইপলাইনটির হুক আপ/টাই-ইন কাজ আগামী ০৯/০৩/২০২৬ইং তারিখ রোজ সোমবার সকাল ৬.০০ ঘটিকা হতে সকাল ৮.০০ ঘটিকার মধ্যে সম্পাদন করা হবে। উক্ত হুক আপ/টাই-ইন কাজ সম্পাদন কালে পিজিসিএল-এর রাজশাহীস্থ খড়খড়ি টিবিএস-এ গ্যাস সরবরাহ সাময়িক ভাবে বন্ধ রাখা প্রয়োজন হবে।

আলোচ্য হুক-আপ/টাই-ইন কাজ সম্পাদন শেষে পিজিসিএল-এর রাজশাহীস্থ খড়খড়ি টিবিএস হতে পুনরায় গ্যাস সরবরাহ চালু করা হবে। আপনার সদয় অবগতির জন্য বিষয়টি অবহিত করা হলো।

শ্রদ্ধান্তে,

০৪-০৩-২০২৬

এস, এম, তারিকুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)
ফোন : ০২৫৮৮৮৩১৪৫৩
ইমেইল : md@pgcl.gov.bd

চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

দৃষ্টি আকর্ষণ:

পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

স্মারক নম্বর: ২৮.১৮.০০০০.০০০.০৪৭.৩৫.০০০১.২১.২২/১ (৮)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক, বিপণন ডিভিশন, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ২। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), অপারেশন ডিভিশন, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৩। উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), রাজশাহী সেলস ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৪। উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৫। ব্যবস্থাপক, আইসিটি শাখা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৬। ব্যবস্থাপক, রাজশাহী রিজিওনাল অফিস, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (গ্রাহকদের অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৭। ব্যবস্থাপক ও ইনচার্জ, রিজিওনাল ট্রান্সমিশন সেকশন (রাজশাহী), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) এবং
- ৮। ব্যবস্থাপক (রুটিন দায়িত্ব), জিএমআরএস কন্সট্রাকশন অ্যান্ড মেইনটিন্যান্স শাখা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।



০৪-০৩-২০২৬

প্রকৌ. এস.এম. মহিবুর রহমান
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)